" শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়**
**কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।**

## উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটির সভার কার্যবিবরনী

**সভাপতি ঃ** জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ।
স্হান ঃ ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ।
তারিখ ঃ ০৪/০৭/২০২২ ; সময় ঃ বেলা ১১:০০টা।

উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটির অদ্যকার সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরনী পাঠ করে শোনান এবং এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর তিনি সভাকে আজকের আলোচ্য বিষয় সম্পর্কে অবহিত করেন।

| আলোচ্য বিষয় | সুপারিশসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১। ক্ষুদ্রঋণ কর্মসূচিঃ ক্ষুদ্রঋণ আদায় সম্পর্কে আলোচনা | ঋণ আদায়ের হার বাড়ানো ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| **০২। ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি ঃ** উক্ত কমিটির রেজুলেশন প্রতি মাসে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার কথা থাকলেও কোন ইউনিয়ন পরিষদ হতে সভার কার্যাবিবরণী পাওয়া না যাওয়ায় জেলা কমিটির কাছে ইউনিয়ন সমূহের নারী ও শিশু বিষয়ক কোন তথ্য প্রেরণ করা সম্ভব হয় না। | ০১। প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে উপজেলা কমিটির কাছে এ সংক্রান্ত বিভিন্ন তথ্য রেজুলেশনে অন্তভূর্ক্ত করে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ করা হয়। | চেয়ারম্যান (সকল) |
| **০৩। বাল্যবিবাহ নিরোধ কমিটিঃ** জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সিদ্ধান্ত মোতাবেক গত ০৯ ডিসেম্বর/২০১৮তারিখে অত্র উপজেলাকে এবং ১৬ই ডিসেম্বর/২০১৮ তারিখে কুমিল্লা জেলাকে বাল্যবিবাহমুক্ত জেলা হিসেবে ঘোষণা করা হয়েছে। সেই লক্ষ্যে ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ড এবং শিক্ষা প্রতিষ্ঠানে স্হানীয় জনপ্রতিনিধি,এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ছাত্র, শিক্ষক এবং সরকারী ও বেসরকারী চাকুরীজীবি সমন্বয়ে গঠিত বাল্যবিবাহ নিরোধ কমিটি হয় । বাল্যবিবাহ যেন না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখা এবং এর কুফল ও আইন সম্পর্কে প্রচার প্রচারনা অব্যাহত রাখার বিষয়ে আলোচান করা হয়। | ০১। ইউনিয়ন এবং ওয়ার্ড বাল্যবিবাহ নিরোধ কমিটি প্রচার প্রচারনার বিষয়ে সক্রিয় ভূমিকা পালন করবেন। | চেয়ারম্যান (সকল) |
| **০৩। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীঃ** এই কর্মসূচীতে সুবিধাভোগীদের ২৪০০/- টাকা করে তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে ছাড় করা হয়েছে। | **০১।** যদি কারো একাউন্টে টাকা না আসে তবে ব্যাংক স্টেটমেন্টসহ প্রতিবেদন দ্রুত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে এবং নতুন ভাতাভোগীর আবেদনের সাথে অবশ্যই উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় থেকে গর্ভধারণ সেবা কার্ডের কপি সংযুক্ত করতে হবে। | চেয়ারম্যান (সকল) |
| **০৪। আইজিএ প্রকল্প ঃ** উল্লেখিত প্রকল্পের আওতায় ''০২ টি ট্রেড ১.ফ্যাশন ডিজাইন এবং ২. ফুড প্রসেসিং চালু করা হয়েছে।জুলাই/২২ থেকে ডিসেম্বর/২২ মেয়াদের জন্য ৩০/০৬/২০২২ তারিখে নতুন করে দুটি ট্রেডে (৫০+৫০) = ১০০ জন প্রশিক্ষনার্থী ভর্তি করা হয়েছে । | ০১। ০১ জুলাই/২০২২ থেকে ৩১ডিম্বের /২০২২ মেয়াদে ১৪ ও ১৫ তম ব্যাচের জন্য প্রত্যেক ট্রেডে ৫০জন করে দুই ট্রেডে মোট ১০০ জন প্রশিক্ষনার্থী ঢাকার পত্র অনুয়ায়ী ভর্তি করা হয়েছে। তাদের নিয়মিত ক্লাস নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | হয়। | |
| **০৬। কিশোর কিশোরী ক্লাব স্হাপন প্রকল্পঃ** ০৭টি ইউনিয়নের এর মধ্যে ০৬টি ইউনিয়নে ক্লাব চালু করা হয়েছে। প্রত্যেক ক্লাবে আবৃত্তি , সংগীত, ক্যারাটে ও জেন্ডার বিষয়ক শিক্ষক রয়েছে। প্রত্যেক ক্লাবে ০১টি করে লাইব্রেরী খোলা হয়েছে। | ০১। নিয়মিত ক্লাস নেওয়ার এবং মান সম্মত নাস্তা পরিবেশনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | | |

অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( আবদুল হাই বাবলু)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং- ৩২.০১.১৯৩৩.০০০.৮৮.২০- ৭৭

তারিখঃ ০৪/০৭/২০২২

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৩। উপজেলা ................................, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৪। চেয়ারম্যান, ......নং ....................ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অফিস কপি।

৪/৭/২০২২
( পারভীন আক্তার )
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর ঃ

তারিখ ঃ ০৪/০৭/২০২২

| নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | উপজেলা ভাইস চেয়ারম্যান<br>কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | | |
| | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | | |
| | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | | |
| | চেয়ারম্যান<br>চৌয়ারা ইউনিয়ন পরিষদ | | |
| | চেয়ারম্যান<br>বারপাড়া ইউনিয়ন পরিষদ | | |
| | চেয়ারম্যান<br>বিজয়পুর ইউনিয়ন পরিষদ | | |
| | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | | 4/7/2022 |